উন্নত জাতের রাবার চাষ,
চাষীর আনন্দ ১২ মাস

BRGOA

**বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন**

প্রধান কার্যালয়
রুম ৫০৬২, ৫ম তলা, সি.জে.কে.এস শপিং কমপ্লেক্স,
কাজীর দেউরী, চট্টগ্রাম
www.brgoa.com

রাবার গাছের বিশেষ গুণ,
কার্বন শোষণ করে দ্বিগুণ

স্মারক নং: বিআরজিওএ.নো.২০২৬-১০ তারিখ: ১৬ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

**"জরুরী সভার নোটিশ"**

বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন এর সম্মানিত উপদেষ্টা, কার্যকরী পরিষদ: ২০২৬-২৭ এর সম্মানিত সদস্য, আজীবন সদস্য ও সাধারণ সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৯/০৫/২০২৬ ইং তারিখ (মঙ্গলবার), বিকাল ৩.০০ টায় এসোসিয়েশনের প্রধান কার্যালয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নির্দেশনা মোতাবেক **রাবার শিল্পের উন্নয়নের লক্ষ্যে রাবার চাষের বিরাজমান সমস্যা এবং সমাধানের বিষয়ে একটি সভা** অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সকল সম্মানিত সদস্যদেরকে উপস্থিত থাকার জন্য বিনীতভাবে অনুরোধ করা গেল।

**আলোচ্যসূচী নিম্নরুপ:-**

০১. বর্তমানে দেশে রাবার প্লটের সংখ্যা কত? ব্যক্তি মালিকানাধীন রাবার প্লট কত? উক্ত বিষয়ে আলোচনা;
০২. রাবার প্লটে একর প্রতি রাবার গাছের সংখ্যা, বর্তমানে রাবারের মূল্য এবং অনুৎপাদনশীল রাবার গাছের মূল্য সম্পর্কিত আলোচনা;
০৩. দেশে রাবারের উৎপাদন কত? একর প্রতি কি পরিমাণ রাবার উৎপাদন হচ্ছে? অন্যান্য রাবার উৎপাদনকারী দেশে রাবারের উৎপাদন কেমন? উক্ত বিষয় সম্পর্কে আলোচনা;
০৪. রাবার কেন কৃষিপণ্য হয়নি এখনো? কৃষিপণ্যর ক্ষেত্রে আমরা কিভাবে কাজ করব সে বিষয়ে আলোচনা;
০৫. উন্নত জাতের ক্লোন/বাড/চারা আমদানি সম্পর্কিত আলোচনা;
০৬. রাবার চাষের উন্নয়নে বাংলাদেশ রাবার বোর্ডকে কিভাবে কাজে লাগানো যায় সে সম্পর্কিত বিষয়ে আলোচনা;
০৭. বিবিধ

ধন্যবাদান্তে

**(মইনুল ইসলাম)**
মহাসচিব

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল।**

১। সভাপতি, বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন।;

২। সম্মানিত উপদেষ্টা, আজীবন ও সাধারণ সদস্যবৃন্দ, বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন।;

৩। অফিস কপি।

**(জাহেদ হোসেন)**
সচিব
মোবাইল: ০১৬১১-৭৪৮৮৩৪
ইমেইল: brgoa.bd@gmail.com